

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জলঢাকা, নীলফামারী।

www.jaldhaka.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৩৬.০০০.০৪.০১৩.২৫-৬৬৫

তারিখঃ ১৬/০৩/২০২৬ খ্রিঃ।

নিলাম বিজ্ঞপ্তি নম্বর-০২/২০২৫-২৬

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জলঢাকা উপজেলাধীন নদ-নদী, খাল-বিল ও সরকারি জলাশয়ে খননকৃত বালি ও মাটি নিলামের লক্ষ্যে জলঢাকা উপজেলাধীন নদ-নদী, খাল-বিল ও সরকারি জলাশয়ে খননকৃত বালি ও মাটি নিলাম দরপত্র সংক্রান্ত কমিটির ১৬/০৩/২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত বালি ও মাটি নিলামে বিক্রয়ের নিমিত্তে আরোপিত শর্ত সাপেক্ষে আগ্রহী নিলাম ডাককারীগণের নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী (এসএ শাখা) এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জলঢাকা, নীলফামারী, উপজেলা ভূমি অফিস, জলঢাকা, নীলফামারী এবং নির্বাহী প্রকৌশলী, নীলফামারী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নীলফামারী হতে নিম্নবর্ণিত নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) শর্তাবলীসহ দরপত্র সিডিউল/দরপত্র দলিল সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী (এসএ শাখা) এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), জলঢাকা, নীলফামারী ও নির্বাহী প্রকৌশলী, নীলফামারী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নীলফামারী এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাঞ্ছা দরপত্র গ্রহণ করা হবে এবং দরপত্র দাখিলের দিন বিকাল ৪.০০ ঘটিকায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। সর্বোচ্চ দরদাতার অনুকূলে নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে। সরকারী নিলাম/কাংখিত মূল্যের নিম্নে কিংবা নীতিমালা মোতাবেক কাংখিত দর না পাওয়া গেলে পরবর্তী পর্যায় দরপত্র বিক্রয় ও গ্রহণ অব্যাহত থাকবে। যে পর্যায়ে কাংখিত দরে দরপত্র গৃহীত হবে সংশ্লিষ্ট প্যাকেজের পরবর্তী ধাপ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং গৃহীত দরদাতাকে বিধি মোতাবেক কার্যাদেশ প্রদান করা হবে। কোন কারন দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

প্যাকেজ নম্বর	লট নম্বর	স্টককৃত বালি/মাটির অবস্থান (উপজেলা,গ্রাম/মহল্লা)	স্টককৃত বালি/মাটির পরিমাণ (ঘনফুট)	সরকারী নিলাম/কাংখিত মূল্য	সিডিউল মূল্য (অফেরৎযোগ্য)
চাড়ালকাটা বাম তীর-০১	০১	গ্রামঃ পাইটকাপাড়া, ৯ নং ওয়ার্ড, ধর্মপাল, জলঢাকা, নীলফামারী। বাম বাঁধ	৪,৭৫,৪০৯.৭৬	২,৩৭,৭০৪.৮৮/-	১২০০/-
চাড়ালকাটা বাম তীর-০২	০২	গ্রামঃ পাইটকাপাড়া, ৯ নং ওয়ার্ড, ধর্মপাল, জলঢাকা, নীলফামারী। বাম বাঁধ	৭৫,৩০৮.৮০	৩৭,৬৫৪.৪/-	৫০০/-
চাড়ালকাটা বাম তীর-০৩	০৩	গ্রামঃ পাইটকাপাড়া, গড় ধর্মপাল, ৯ নং ওয়ার্ড, ধর্মপাল, জলঢাকা, নীলফামারী। বাম বাঁধ	১১,৪৩,৩১৬.৬৮	৫,৭১,৬৫৮.৩৪/-	২০০০/-
চাড়ালকাটা বাম তীর-০৪	০৪	গ্রামঃ হরিশচন্দ্রপাঠ, বসুনিয়া পাড়া, ইউঃ শিমুলবাড়ি, জলঢাকা, নীলফামারী। বাম বাঁধ	১১,৪২,৩৭৫.০০	৭,৯৯,৬৬২.৫/-	২৫০০/-
চাড়ালকাটা বাম তীর-০৫	০৫	গ্রামঃ হরিশচন্দ্রপাঠ, দুলাহাটি পাড়া, ইউঃ শিমুলবাড়ি, জলঢাকা, নীলফামারী। বাম বাঁধ	১৫,৭৪,০০৮.২০	১১,০১,৮০৫.৭৪/-	৩০০০/-
চাড়ালকাটা বাম তীর-০৬	০৬	গ্রামঃ বাশঁদাহ, বর্মতল, ইউঃ শিমুলবাড়ি, জলঢাকা, নীলফামারী। বাম বাঁধ	৩,৯৯,০৫০.০০	২,৭৯,৩৩৫/-	১৫০০/-
চাড়ালকাটা বাম তীর-০৭	০৭	গ্রামঃ দঃ বেড়ুবন্দ, চেংমারীপাড়া, ইউঃ শিমুলবাড়ি, জলঢাকা, নীলফামারী। বাম বাঁধ	৩,৯৯,৭৪০.০০	১,৯৯,৮৭০/-	১০০০/-

নিলাম দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের তফসীল					
নিলাম দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের তারিখ					নিলাম দরপত্র দাখিলের সময়
১ম বারের দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ		২য় বারের দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ		৩য় বারের দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ	
বিক্রয়ের শেষ তারিখ	দাখিলের তারিখ	বিক্রয়ের শেষ তারিখ	দাখিলের তারিখ	বিক্রয়ের শেষ তারিখ	দাখিলের তারিখ
০১/০৪/২০২৬	০২/০৪/২০২৬	০৮/০৪/২০২৬	০৯/০৪/২০২৬	০৮/০৪/২০২৬	০৯/০৪/২০২৬


সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জলঢাকা, নীলফামারী।

www.jaldhaka.nilphamari.gov.bd

শর্তাবলিঃ

- ০১। দরদাতাকে নিলাম দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ৩০% হারে নিম্নস্বাক্ষরকারীর বরাবর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রদান করতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ নিলাম মূল্যের সাথে সমন্বয় করা হবে। অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। নিলাম গ্রহীতা বালু অপসারণের সময় জনসাধারণের কোন ক্ষতি সাধন করলে তা ঐ ৫% জামানত হতে পরিশোধ করা হবে এবং বালু অপসারণের পর সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এবং উপ-সহকারী প্রকৌশলী, বাপাউবো, জলঢাকা, নীলফামারী এর নিকট হতে প্রতিবেদন পাওয়ার পর ৫% জামানত ফেরত প্রদান করা হবে।
- ০২। অনুমোদিত নির্বাচিত নিলাম দরপত্রদাতাকে পত্র প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিলাম চুক্তি মূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সহ নিলাম মূল্যের উপর বিধি মোতাবেক সংশ্লিষ্ট কোডে ১০% আগাম আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) চালান মূলে সোনালী ব্যাংক লিমিটেড, নীলফামারী শাখায় জমা করতঃ চালানেক কপি অত্র অফিসে জমা প্রদান করতে হবে।
- ০৩। নিলাম মূল্যের সমুদয় অর্থ পরিশোধের পর কার্যাদেশ প্রাপ্তির দিন হতে সমুদয় বালি/মাটি ১২০ দিনের মধ্যে নির্ধারিত স্থাপ হতে নিজ দায়িত্বে অপসারণ করতে হবে এবং অপসারণ শেষ না হওয়া পর্যন্ত বালি/মাটির যাবতীয় নিরাপত্তা বিধান করতে হবে। উল্লেখ্য, নির্ধারিত সীমানার বাহিরে বালু/মাটি সংগ্রহ করা যাবে না এবং বালু/মাটি অপসারণের জন্য নির্ধারিত সময়ের পর আর কোনভাবেই সময়বৃদ্ধি করা হবে না।
- ০৪। নিলাম দরপত্রদাতাকে বালি/মাটির বাস্তব মজুদ পরিদর্শন করে নিলাম দরপত্রে অংশগ্রহণ করতে হবে। দরপত্র শেষে মজুদ সম্পর্কিত কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না। সীলমোহরযুক্ত খামের উপর দরপত্রদাতার নাম ও ঠিকানা, কাজের নাম ও প্যাকেজ নম্বর স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ০৫। পত্র প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে নিলাম দরপত্রের সাথে প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ০৬। কার্যাদেশ প্রাপ্তির পর বালু/মাটি অপসারণ ও পরিবহন কার্যক্রমের ফলে বীধ, রাস্তা, ব্রিজ, কার্লভার্ট ও সরকারী/বেসরকারী স্থাপনার ক্ষতিসাধন করা যাবে না, বালু/মাটি ঢেকে (কভার) পরিবহন করতে হবে ও রাতে বালু/মাটি পরিবহন করা যাবে না। এর ব্যতিক্রম হলে তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৭। নিলাম দরপত্রে অংশগ্রহণের পূর্বে সরেজমিনে রাস্তা পরিদর্শন করতে হবে। ভবিষ্যতে এ ব্যাপারে কোন জটিলতার সৃষ্টি হইলে কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।
- ০৮। স্থানীয় রাস্তায় ড্রাম্প ট্রাক দিয়ে বালু/মাটি পরিবহন করা যাবে না। ট্রলি দিয়ে বালু/মাটি পরিবহন করতে হবে। এর ব্যতিক্রম হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সেই সাথে বালু/মাটি পরিবহনের সবধরণের দ্বায়ভার নিলাম গ্রহীতাকে নিতে হবে।
- ০৯। নিলামের শর্তসমূহ নিলামকারী কর্তৃপক্ষ কোন প্রকার পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই পরিবর্তন ও পরিবর্ধন করা ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০। নদীর স্বাভাবিক গতি প্রবাহ বন্ধ করে কোন বালু/মাটি পরিবহন করা যাবে না।
- ১১। শুধু মাত্র স্থাপকৃত বালু/মাটি অপসারণ করতে হবে কোন ভাবে গভীর গর্ত করা যাবে না।
- ১২। পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের বিল নিলাম গ্রহীতাদের সামানুপাতিক হারে পরিশোধ করতে হবে।
- ১৩। কর্তৃপক্ষ যে কোন কারণ ব্যতিরেকে নিলাম দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ জায়েদ ইমরুল মোজফ্বিন)
উপজেলা নির্বাহী অফিসার
জলঢাকা, নীলফামারী।
ফোনঃ ০২৫৮-৯৯৫৯৮০৪

ও

সভাপতি, জলঢাকা উপজেলাধীন নদ-নদী, খাল-বিল ও
সরকারি জলাশয়ে খননকৃত বালি ও মাটি নিলাম দরপত্র
সংক্রান্ত কমিটি।

ইমেইলঃ unojaldhaka@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জলঢাকা, নীলফামারী।
www.jaldhaka.nilphamari.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৭৩৩৬.০০০.০৪.০১৩.২৫-৩৬৩৬

তারিখঃ ১৬/০৩/২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ০১ সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২ সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩ সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪ বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০৫ জেলা প্রশাসক, নীলফামারী।
- ০৬ পুলিশ সুপার, নীলফামারী।
- ০৭ উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।
- ০৮ নির্বাহী প্রকৌশলী, নীলফামারী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নীলফামারী। (নিলাম দরপত্র (সিডিউল) মতে দরপত্র বাস্তব স্থাপনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৯ অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক/রাজস্ব), নীলফামারী। (নিলাম দরপত্র (সিডিউল) মতে দরপত্র বাস্তব স্থাপন সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১০ সহকারী কমিশনার (ভূমি), জলঢাকা, নীলফামারী ও সদস্য, নদ-নদী, খাল-বিল ও সরকারি জলাশয়ে খননকৃত বালু/মাটি নিলাম সংক্রান্ত কমিটি। (নিলাম দরপত্র (সিডিউল) মতে দরপত্র বাস্তব স্থাপন সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১১ উপজেলা প্রকৌশলী, জলঢাকা, নীলফামারী ও সদস্য, নদ-নদী, খাল-বিল ও সরকারি জলাশয়ে খননকৃত বালু/মাটি নিলাম সংক্রান্ত কমিটি।
- ১২ উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, নীলফামারী ও সদস্য, নদ-নদী, খাল-বিল ও সরকারি জলাশয়ে খননকৃত বালু/মাটি নিলাম সংক্রান্ত কমিটি।
- ১৩ অফিসার ইনচার্জ, জলঢাকা/নীলফামারী সদর, নীলফামারী। (নিলাম ডাকের দিন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), জলঢাকা, নীলফামারী ও নির্বাহী প্রকৌশলীর দপ্তর, নীলফামারী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নীলফামারী কার্যালয়ে দরপত্র বাস্তব নিরাপত্তার জন্য পুলিশ ফোর্স নিয়োগ সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৪ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জলঢাকা, নীলফামারী। তাকে নিলাম দরপত্র বিজ্ঞপ্তি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৫ চেয়ারম্যান/ইউপি সচিব, ...ইউনিয়ন পরিষদ, শিমুলবাড়ি, ধর্মপাল, খুটামারা, জলঢাকা, নীলফামারী।
- ১৬ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ...ইউনিয়ন ভূমি অফিস, শিমুলবাড়ি, ধর্মপাল, খুটামারা, জলঢাকা নীলফামারী। তাকে তার আওতাধীন হাট-বাজারে ঢোল সহরত ও মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- ১৭ ব্যবস্থাপক পত্রিকা। (তাকে স্বল্প পরিসরে ১ দিনের পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৮ নোটিশ বোর্ড।

(মোঃ জায়িদ ইমরুল মোজক্কিন)
উপজেলা নির্বাহী অফিসার
জলঢাকা, নীলফামারী।
ফোনঃ ০২৫৮-৯৯৫৯৮০৪

ও

সভাপতি, জলঢাকা উপজেলাধীন নদ-নদী, খাল-বিল ও
সরকারি জলাশয়ে খননকৃত বালি ও মাটি নিলাম দরপত্র
সংক্রান্ত কমিটি।

ইমেইলঃ unojaldhaka@mopa.gov.bd